**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 18-04-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M.** **Compiling :**

*****************************************************************

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম দফায় এরাজ্যের তিনটি আসন- কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে আগামীকালের ভোট গ্রহণের জন্য প্রস্তুতি এখন চূড়ান্ত পর্যায়ে। অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি মোতায়েন থাকছে ১২ হাজারের বেশী রাজ্য পুলিশ।

২/ নির্বাচন কমিশন, নিশীথ প্রামাণিকের আবেদনের প্রেক্ষিতে প্রথম দফা ভোটের দিন তৃণমূল কংগ্রেস নেতা, উদয়ন গুহের গতিবিধির ওপর নিয়ন্ত্রণ আরোপ করেছে। # নির্বাচন কমিশনের পরামর্শ এবং উদ্ভূত রাজনৈতিক বিতর্কের প্রেক্ষিতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস তাঁর উত্তরবঙ্গ সফর বাতিল করেছেন।

৩/ দ্বিতীয় দফার ভোটের জন্য প্রচার জমে উঠেছে। # চতুর্থ পর্যায়ে ভোটের _জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ আজ শুরু হয়েছে।

৪/ একটানা প্রচন্ড গরমে দক্ষিণবঙ্গের স্বাভাবিক জনজীবন ব্যাহত। সোমবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি।

*****************************************************************

অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম দফায় আগামীকালের ভোট গ্রহণের জন্য প্রস্তুতি এখন চূড়ান্ত পর্যায়ে। এই দফায় ১৭-টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ১০২-টি আসনের মধ্যে এরাজ্যের তিনটি আসন- কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভোট নেওয়া হবে। ভোট গ্রহণ শুরু হবে সকাল সাতটায়। চলবে সন্ধ্যে ৬'টা পর্যন্ত। ভোটগ্রহণ অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে সবরকম প্রস্তুতি নিয়েছে নির্বাচন

কমিশন। তিনটি আসনে মোতায়েন থাকছে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। সব মিলিয়ে রাজ্য পুলিশ মোতায়েন থাকবে ১২ হাজার ৩০০ জন। সব বুথেই থাকছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা। তবে, প্রত্যন্ত এলাকাগুলিতে ইন্টারনেট সংযোগে সমস্যার জন্য তা সম্ভব না হওয়ায় সেই সব বুথে মাইক্রো অবজার্ভাররা ভোট প্রক্রিয়া ভিডিওগ্রাফি করবেন।

সকাল থেকেই DCRC কেন্দ্রগুলিতে ভীড় করেন ভোটকর্মীরা। প্রত্যন্ত অঞ্চলের বুথগুলিতে ইতিমধেই তাঁরা পৌঁছে'ও গেছেন। এদিকে, DCRC-তে যাওয়ার গাড়ি এবং ভোটগ্রহণের জন্য নির্দিষ্ট পারিশ্রমিক না পাওয়ার অভিযোগে কোচবিহারের মাথাভাঙায় আজ পথ অবরোধ করে বিক্ষোভ দেখান ভোট কর্মীরা। পরে পুলিশের হস্তক্ষেপে অবরোধ তুলে নেওয়া হয়।

জলপাইগুড়ি আসনে এক হাজার ৯০৪টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হয়েছে। ১৮ লক্ষ ৮৫ হাজারের'ও বেশী ভোটদাতা তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে মহিলা ভোটদাতার সংখ্যা- ৯'লক্ষ ২৮ হাজারের মতো। প্রার্থী রয়েছেন- ১২ জন

আলিপুরদুয়ার লোকসভায় মোট বুথের সংখ্যা ১'হাজার ৮৬৭। এর মধ্যে অক্সিলিয়ারি বুথ রয়েছে ৯'টি। ভোটকর্মীর সংখ্যা-৭'হাজার। ১৭ লক্ষ ৭৩ হাজারের মতো ভোটদাতা তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে মহিলা ভোটদাতা রয়েছেন ৮'লক্ষ ৮৪ হাজার এবং তৃতীয় লিঙ্গের ৬৪ জন। এই সংসদীয় আসনের সাতটি বিধানসভা হল- তুফানগঞ্জ, কুমারগ্রাম, কালচিনি, আলিপুরদুয়ার, ফালাকাটা, মাদারিহাট ও নাগরাকাটা। ৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও সাড়ে ৩'হাজার পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছে। প্রার্থীর সংখ্যা- ১১ )

কোচবিহার লোকসভা কেন্দ্রের জন্য থাকছে ১১২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী এবং প্রায় চার হাজার রাজ্য পুলিশ। ১৯ লক্ষ ৬৬ হাজারের'ও বেশী ভোটদাতা ২'হাজার ৪৩টি বুথে ভোট দেবেন। মহিলা ভোটারের সংখ্যা প্রায় ৯'লক্ষ ৫২ হাজার এবং তৃতীয় লঙ্গের ৩৩ জন। মোট ১৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। যেসব ভোট কেন্দ্রে ২'টি বুথ রয়েছে, সেখানে অন্ততঃ চারজন কেন্দ্রীয় বাহিনীর জওয়ান মোতায়েন করা হবে। ৩' থেকে ৫'টি বুথ যেখানে রয়েছে, সেখানে মোতায়েন হবে আট জন।

প্রহম দফার তিনটি আসন নিয়ে আমাদের ইলেকশান সেলের একটি প্রতিবেদন-

( ভিসি- )

**********************

লোকসভা নির্বাচনের প্রক্কালে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার সমস্ত ভোটদাতাকে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আবেদন জানিয়েছেন।

(বাইট- CEC রাজীব)

**********************

নির্বাচন কমিশন, প্রথম দফা ভোটের দিন তৃণমূল কংগ্রেস নেতা, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহের গতিবিধির ওপর নিয়ন্ত্রণ আরোপ করলো। আগামীকাল ভোট চলাকালীন তাঁর নিজের বিধানসভা কেন্দ্র দিনহাটার বাইরে যেতে পারবেন না উদয়ন বাবু। কোচবিহারের জেলা নির্বাচনী আধিকারিকের কাছে কমিশনের এই নির্দেশনামা পাঠিয়ে দেওয়া হয়েছে। কমিশনের নির্দেশের প্রতিক্রিয়ায় উদয়নবাবু বলেন-

(বাইট- উদয়ন )

উল্লেখ্য, কোচবিহারের বিজেপি প্রার্থী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক কমিশনকে চিঠি দিয়ে ভোটের দিন উদয়ন গুহের চলাফেরায় নিয়ন্ত্রণ আরোপের আবেদন জানিয়েছিলেন। তাঁর অভিযোগ ছিল, সন্ত্রাসের সৃষ্টি করছেন তৃণমূল কংগ্রেস নেতা। কমিশনের নির্দেশের প্রতিক্রিয়ায় নিশীথবাবু বলেন-( বাইট- নিশীথ)

**********************

নির্বাচন কমিশনের পরামর্শ এবং উদ্ভূত রাজনৈতিক বিতর্কের প্রেক্ষিতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস তাঁর উত্তরবঙ্গ সফর বাতিল করেছেন। এক বিবৃতিতে তিনি জানিয়েছেন, ভোটের সময় সম্ভাব্য হিংসা রুখতে এবং মানুষের পাশে থাকতেই নির্বাচনের দিন রাস্তায় থাকার সিদ্ধান্ত নিয়েছিলেন তিনি। সংবিধান অনুযায়ী রাজ্যপালকে কেউ বাধা দিতে পারেনা, কিন্তু তাঁর এই উদ্যোগকে রাজনৈতিক রঙ দেওয়া হচ্ছে। যা রাজ্যপাল পদের মর্যাদাকে ক্ষুণ্ণ করছে। রাজনীতির দাবা খেলায় ঘুঁটি হিসেবে ব্যবহৃত হতে চাননা বলেই সফর বাতিল করছেন তিনি। তবে, রাজভবনের পিস রুম ২৪ ঘন্টাই খোলা থাকবে বলে রাজ্যপাল জানিয়েছেন।

**********************

দ্বিতীয় দফার নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার এখন তুঙ্গে। এই দফায় ২৬শে এপ্রিল ভোট নেওয়া হবে দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ রায়গঞ্জ ও বালুরঘাটে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। দু'টি সভাতেই বিজেপিকে আক্রমণের নিশানা করে এবারের নির্বাচনে তারা ২০০ আসন'ও পাবে না বলে মন্তব্য করেন তিনি।

(বাইট- মমতা)

দক্ষিণ দিনাজপুর থেকে মুখ্যমন্ত্রী মালদায় গেছেন। সেখানে দুই কেন্দ্রের দলীয় প্রার্থীদের নিয়ে এক জরুরী বৈঠকের কর্মসূচী রয়েছে তাঁর। শনিবার মাণিকচকের এনায়েতপুরে নির্বাচনী সভায় যোগ দেবেন তিনি।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ রায়গঞ্জের দলীয় প্রার্থীর সমর্থনে হেমতাবাদে জনসভা করেন। তৃণমূল কংগ্রেস নেত্রীকে কটাক্ষ করে তিনি বলেন, জাতীয় দল থেকে আঞ্চলিক দলে পরিণত তৃণমূল কংগ্রেস লোকসভা ভোটে দিল্লি দখলের স্বপ্ন দেখছে। এই স্বপ্ন কোনোদিন পুরণ হবার নয়।

(বাইট- শুভেন্দু)

এদিকে, দার্জিলিং লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাজু বিস্তের হয়ে আজ শিলিগুড়িতে প্রচারে ঝড় তোলেন মিঠুন চক্রবর্তী।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বর্ধমানের কালনায় নব গঠিত নির্বাচনী কমিটির বৈঠকে লোকসভা ভোটের রণকৌশল নিয়ে আলোচনা করেন।

মালদার পালপাড়া ধানহাটি এলাকায় আজ বিজেপির মহিলা মোর্চার পক্ষ থেকে নারী শক্তি সম্মেলনের আয়োজন করা হয়। মোর্চার উত্তর মালদা সভানেত্রী ছন্দা চৌধুরী সহ দলের অন্য নেতারা, মেয়েদেরকে বিজেপির পক্ষে ভোট দেওয়ার জন্য প্রচার চালান।

উত্তর মালদায় বামফ্রন্ট সমর্থিত কংগ্রেস প্রার্থী সহ বাম-কংগ্রেস নেতৃবৃন্দ বামনগোলা ব্লকের রাঙ্গামাটি এলাকায় 'কংগ্রেস গ্যারান্টি কার্ড' প্রকল্পের ব্যাপারে মানুষকে অবহিত করেন। প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী, ভোটে অশান্তি সৃষ্টির বিরোধিতা করেছেন। সাধারণ মানুষ যাতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোট দিতে পারেন, নির্বাচন কমিশনকে তা' সুনিশ্চিত করার আর্জি জানান তিনি।

(বাইট- অধীর )

**********************

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গেই আজ থেকে মনোনয়ন পত্র দাখিলের কাজ শুরু হয়েছে। এই দফায় রাজ্যের আটটি আসন- বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান–দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুরে ভোট নেওয়া হবে ১৩'ই মে। ২৫শে এপ্রিল পর্যন্ত মনোনয়ন পত্র দাখিল করা যাবে।

বর্ধমানের দুটি লোকসভা আসনের জন্য আজ তিনজন প্রার্থীপদ পেশ করেন।

বর্ধমান-পূর্ব লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অসীম সরকার আজ প্রথম দিনেই মনোনয়ন দাখিল করেন। বীরহাটার ঘড়ি মোড় থেকে কর্মী-সমর্থকদের নিয়ে মিছিল করে প্রার্থীপদ দাখিল করেন তিনি। নিয়ম মাফিক জেলাশাসকের দপ্তরের ১০০ মিটার আগে অবশ্য পুলিশ মিছিল আটকে দেয়। অসীমবাবু প্রশাসনের নিয়ম মেনে গিয়ে মনোনয়ন জমা দেন। ওই কেন্দ্রের SUCI প্রার্থী নির্মল মাঝি'ও মনোনয়ন পেশ করেন। বর্ধমান দুর্গাপুর লোকসভা আসনের'ও SUCI প্রার্থী তসবিরুল ইসলাম আজ প্রার্থীপদ দাখিল করেন।

এদিকে, তৃতীয় দফার ভোটের জন্য প্রার্থীপদ দাখিলের সময়সীমা শেষ হচ্ছে আগামীকাল। এই দফায় পশ্চিমবঙ্গের চারটি সহ ৯৪টি আসনে ভোট গ্রহণ ৭'ই মে। এরাজ্যের আসনগুলি হল-মালদা উত্তর, মালদা দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদ। একইসঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা আসনের উপ নির্বাচনেও ওইদিনই ভোট নেওয়া হবে।

দক্ষিণ মালদার বিজেপি প্রার্থী শ্রীরূপা মিত্র চৌধুরী আজ মনোনয়ন দাখিল করেন। অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীকে পাশে নিয়ে আজ মনোনয়ন জমা দিলেন মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের CPIM প্রার্থী মহম্মদ সেলিম। জঙ্গীপুরের কংগ্রেস প্রার্থী মোর্তাজা হোসেন'ও আজ মনোনয়ন পেশ করেছেন।

**********************

একটানা প্রচন্ড গরমে দক্ষিণবঙ্গের স্বাভাবিক জনজীবন ব্যাহত। আগামী সোমবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে আগামী চার-পাঁচ দিন তাপমাত্রা উঠতে পারে স্বাভাবিকের চার থেকে ৬'ডিগ্রি ওপরে। দুই মেদিনীপুর, দুই বর্ধমান, বাঁকুড়া, বীরভূম ও দক্ষিণ ২৪ পরগণায় আজ জারি

রয়েছে তাপপ্রবাহের ‘হলুদ সতর্কতা’। আগামীকাল থেকে রবিবার পর্যন্ত তাপপ্রবাহের ‘কমলা সতর্কতা’ থাকছে দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম ও দুই বর্ধমান জেলায়। ২২ তারিখ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই তাপপ্রবাহের সম্ভাবনা।

উত্তরবঙ্গের তিন জেলা- দুই দিনাজপুর ও মালদায় থাকবে অস্বস্তিকর ঘর্মাক্ত আবহাওয়া। উত্তরবঙ্গের বাকি জেলাগুলিতে আগামী বুধবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

কলকাতায় আজ সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৯ দশমিক ৭ ডিগ্রি- স্বাভাবিকের চেয়ে যা ৪ ডিগ্রি বেশী। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৯ দশমিক ৪ ডিগ্রি সেলিসয়াস, স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রী বেশি।

ডায়মন্ডহারবারে আজ তাপমাত্রা ছিল স্বাভাবিকের ৬’ডিগ্রি ওপরে-৪০ দশমিক ৫’ডিগ্রি সেলসিয়াস। এছাড়া ঝাড়গ্রামে ছিল ৪১ , পানাগড়ে- ৪১, ক্যানিং, কলাইকুন্ডা ও মেদিনীপুরে ৪২ ডিগ্রি সেলসিয়াস।

*****************************************************************